গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৬৫/২০১৯-২০২০
**ঢাকা, ২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার ২০১৯, ১১ আশ্বিন ১৪২৬**
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা বিনিময়
২। জাতিসংঘের উচ্চপর্যায়ের ফোরামে প্রধানমন্ত্রী :
এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে স্থানীয় ও বৈশ্বিক সহযোগিতার ওপর গুরুত্বারোপ
৩। জাতিসংঘের সাধারণ পরিষদে আগামীকাল ভাষণ দেবেন প্রধানমন্ত্রী :
রোহিঙ্গা সমস্যা সমাধানে প্রধানমন্ত্রীর চার দফা প্রস্তাব
৪। রোহিঙ্গা সংকটের এখনই অবসান হওয়া উচিত : জাতিসংঘ সদরদপ্তরে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী
৫। রোহিঙ্গা প্রত্যাবাসনে আন্তর্জাতিক সম্প্রদায় আশ্বস্ত করেছে : নিউইয়র্কে পররাষ্ট্রমন্ত্রী
৬। রোহিঙ্গা প্রত্যাবাসনে অনুকূল পরিবেশ তৈরি করুন : মিয়ানমার নেতাদের প্রতি মার্কিন রাষ্ট্রদূত
৭। রোহিঙ্গাদের জন্য আরও সহায়তা ঘোষণা যুক্তরাষ্ট্রের
৮। মহাত্মা গান্ধীর মানবিক আর্দশ ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা করবে :
নিউইয়র্কে ভারতের স্থায়ী মিশনে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
অনুষ্ঠানে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বক্তব্য রাখেন
৯। ভ্যাকসিন হিরো পুরস্কার পাওয়ায় প্রধানমন্ত্রীকে যুক্তরাজ্যের অভিনন্দন
১০। সিপিসিতে যোগ দিতে উগান্ডার কাম্পালায় স্পিকার
১১। সারাদেশে দুর্নীতিবাজ, মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান চলবে : সাভারে সেতুমন্ত্রী
১২। প্রধানমন্ত্রীর নির্দেশে রাষ্ট্র, সমাজ ও দলকে শুদ্ধ করতে সাঁড়াশি অভিযান : তথ্যমন্ত্রী
১৩। ডিসেম্বরের মধ্যেই ই-পাসপোর্ট চালু : অর্থমন্ত্রী
১৪। চরাঞ্চলে বাদাম ও সয়াবিনের আবাদ বৃদ্ধি করতে হবে : কৃষিমন্ত্রী
১৫। মোংলা বিশ্বের অন্যতম বন্দরে পরিণত হবে : নৌপ্রতিমন্ত্রী
১৬। এজলাসে বঙ্গবন্ধুর প্রতিকৃতি টাঙাতে আইন মন্ত্রণালয়ের নোটিশ জারি
১৭। দুর্গাপূজা উপলক্ষে ভারতে সীমিত আকারে ইলিশ রপ্তানি
১৮। প্রাথমিক বিদ্যালয়ে দুর্গাপূজার ছুটি তিন দিনের পরিবর্তে পাঁচ দিন
১৯। বাংলাদেশের প্রবৃদ্ধি ৮ শতাংশেই থাকবে : এডিবির পূর্বাভাস

চলমান পাতা-২

১। **যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা বিনিময়**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেছেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম জানান, জাতিসংঘ সদরদপ্তরের নর্থ ডেলিগেটস লাউঞ্জে গত ২৪ সেপ্টেম্বর মঙ্গলবার জাতিসংঘ মহাসচিব অ্যান্টোনিও গুতেরেস আয়োজিত মধ্যহ্নভোজের সময় দুই নেতা শুভেচ্ছা বিনিময় করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী গত মঙ্গলবার সন্ধ্যায় লোট্রে নিউইয়র্ক প্যালেস হোটেলে মার্কিন প্রেসিডেন্ট আয়োজিত সংবর্ধনায়ও যোগ দেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.১)।

২। **জাতিসংঘের উচ্চপর্যায়ের ফোরামে প্রধানমন্ত্রী :**
**এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে স্থানীয় ও বৈশ্বিক সহযোগিতার ওপর গুরুত্বারোপ**

টেকসই লক্ষ্যমাত্রা অর্জনে স্থানীয় এবং বৈশ্বিক পর্যায়ে অর্থবহ অংশীদারিত্ব এবং সহযোগিতার ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্ববাসীর প্রতি অঙ্গীকারে অটুট থাকতে বিশ্ব নেতৃবৃন্দের প্রতি আহবান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, এসডিজি বাস্তবায়নে কার্যকর অংশীদারিত্ব এবং সহযোগিতা স্থানীয় এবং বৈশ্বিক উভয় পর্যায়ে সমভাবেই প্রয়োজনীয়। কাজেই আমি বিশ্ব নেতৃবৃন্দের প্রতি আমাদের অঙ্গীকারে অটুট থাকার অনুরোধ জানাব, যা আমরা এ গ্রহ এবং মানুষের জন্য করেছি। জাতিসংঘ সদরদপ্তরের ট্রাস্টিশিপ কাউন্সিলে গতকাল (২৫ সেপ্টেম্বর বুধবার) টেকসই উন্নয়নের (এসডিজি সম্মেলন) ওপর উচ্চপর্যায়ের রাজনৈতিক ফোরামে 'লোকালাইজিং দ্য এসডিজিস' এ প্রধানমন্ত্রী কো-মডারেটরের দায়িত্ব পালনকালে ভাষণে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

৩। **জাতিসংঘের সাধারণ পরিষদে আগামীকাল ভাষণ দেবেন প্রধানমন্ত্রী :**
**রোহিঙ্গা সমস্যা সমাধানে প্রধানমন্ত্রীর চার দফা প্রস্তাব**

জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৪তম অধিবেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর ভাষণে রোহিঙ্গা সমস্যার দীর্ঘমেয়াদি সমাধানে চার দফা প্রস্তাবনা তুলে ধরবেন। স্থানীয় সময় গত ২৪ সেপ্টেম্বর মঙ্গলবার নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে মিয়ানমারের রোহিঙ্গা সংখ্যালঘু পরিস্থিতি নিয়ে অনুষ্ঠিত উচ্চপর্যায়ের একটি অনুষ্ঠানে এ ঘোষণা দেন প্রধানমন্ত্রী। জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশন এবং ওআইসি সেক্রেটারিয়েট যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে। আগামীকাল ২৭ সেপ্টেম্বর শুক্রবার জাতিসংঘ সাধারণ পরিষদে বাংলায় ভাষণ দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রোহিঙ্গা সমস্যার সমাধানের ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী চার দফা প্রস্তাবনা এ অনুষ্ঠানে উল্লেখ করেন। এগুলো হচ্ছে : রোহিঙ্গাদের টেকসই প্রত্যাবর্তন বিষয়ে মিয়ানমারকে অবশ্যই তাদের রাজনৈতিক ইচ্ছে সুস্পষ্ট করতে হবে। এজন্য রোহিঙ্গাদের ফেরত নিতে মিয়ানমার কর্তৃপক্ষ কী করছে সেটাও সুস্পষ্টভাবে বলতে হবে। বৈষম্যমূলক আইন পরিত্যাগ করতে হবে এবং রোহিঙ্গা প্রতিনিধিদের উত্তর রাখাইন রাজ্যে পরিদর্শনের অনুমতি দিয়ে মিয়ানমার কর্তৃপক্ষকে অবশ্যই তাদের মধ্যে আস্থা তৈরি করতে হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

৪। **রোহিঙ্গা সংকটের এখনই অবসান হওয়া উচিত : জাতিসংঘ সদরদপ্তরে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী**

মালয়েশিয়ার প্রধানমন্ত্রী ডা. মাহাথির মোহাম্মদ বলেছেন, মিয়ানমারের রাখাইনে যা হয়েছে, তা গণহত্যা। সেখানে মানবাধিকারের চরম লঙ্ঘন হয়েছে। এ সংকট এখন আর মিয়ানমার বা বাংলাদেশের মধ্যে সীমাবদ্ধ নেই। এটি আন্তর্জাতিক ইস্যুতে পরিণত হয়েছে। তাই আন্তর্জাতিক সম্প্রদায়কে অবশ্যই কিছু একটা করতে হবে। রোহিঙ্গা সংকটের অবসান এখনই হওয়া উচিত। নিউইয়র্কের স্থানীয় সময় গত ২৪ সেপ্টেম্বর মঙ্গলবার জাতিসংঘ সদরদপ্তরে বাংলাদেশের স্থায়ী মিশন ও ওআইসি সচিবালয় আয়োজিত 'রোহিঙ্গা সংকট : উত্তরণের উপায়' শীর্ষক পার্শ্ব-সভায় তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনাও বক্তব্য রাখেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)।

৫। **রোহিঙ্গা প্রত্যাবাসনে আন্তর্জাতিক সম্প্রদায় আশ্বস্ত করেছে : নিউইয়র্কে পররাষ্ট্রমন্ত্রী**

রোহিঙ্গারা যাতে নিরাপদে এবং নিরাপত্তা ও মর্যাদার সঙ্গে তাদের দেশে ফিরে যেতে পারে সে জন্য আন্তর্জাতিক সম্প্রদায় বাংলাদেশকে আশ্বস্ত করেছে বলে উল্লেখ করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন। গত ২৪ সেপ্টেম্বর মঙ্গলবার নিউইয়র্কে বাংলাদেশ স্থায়ী মিশনের বঙ্গবন্ধু অডিটোরিয়ামে এক প্রেস ব্রিফিংয়ে পররাষ্ট্রমন্ত্রী এ কথা জানান। পররাষ্ট্রমন্ত্রী বলেন, বিশ্ব সম্প্রদায় রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের সঙ্গে তাদের পূর্ণ সংহতি প্রকাশ করে বলেছে, মিয়ানমার নাগরিকদের অবশ্যই তাদের দেশে প্রত্যাবাসন করতে হবে। বিভিন্ন দেশের মন্ত্রী ও প্রতিনিধিরা রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশের প্রতি তাদের জোরালো সমর্থন ব্যক্ত করেছেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

৬।	**রোহিঙ্গা প্রত্যাবাসনে অনুকূল পরিবেশ তৈরি করুন : মিয়ানমার নেতাদের প্রতি মার্কিন রাষ্ট্রদূত**

মার্কিন রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার বলেছেন, রাখাইন থেকে পালিয়ে আসা লাখ লাখ রোহিঙ্গার জন্য বাংলাদেশ সীমান্ত খুলে দিয়ে উদারতা দেখিয়েছে। আন্তর্জাতিক দাতা সম্প্রদায় ও এনজিওগুলো চলমান রোহিঙ্গা সংকট মোকাবিলায় সরকারের সঙ্গে কাজ করছে। এখন রোহিঙ্গাদের স্বতঃপ্রণোদিত, নিরাপদ এবং মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনের জন্য মিয়ানমারকে অনুকূল পরিস্থিতি তৈরি করতে হবে। গতকাল (২৫ সেপ্টেম্বর বুধবার) ফেসবুক লাইভে মার্কিন রাষ্ট্রদূত এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৭।	**রোহিঙ্গাদের জন্য আরও সহায়তা ঘোষণা যুক্তরাষ্ট্রের**

কক্সবাজারের রোহিঙ্গা শরণার্থী, বাংলাদেশে রোহিঙ্গাদের আশ্রয় দেয়া স্থানীয় জনগোষ্ঠী এবং মিয়ানমারে অভ্যন্তরে বাস্তুচ্যুত রোহিঙ্গা জনগোষ্ঠীর জন্য **১** হাজার ৬৬ কোটি ৮০ লাখ টাকার আরো মানবিক সহায়তার ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র । গতকাল (২৫ সেপ্টেম্বর বুধবার) নিউইয়র্কে নতুন করে এ সহায়তার ঘোষণা দেয়া হয়েছে উল্লেখ করে প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বাংলাদেশে অবস্থিত যুক্তরাষ্ট্রের দূতাবাস। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

৮।	**মহাত্মা গান্ধীর মানবিক আর্দশ ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা করবে :**
**নিউইয়র্কে ভারতের স্থায়ী মিশনে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**
**অনুষ্ঠানে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বক্তব্য রাখেন**

প্রধানমন্ত্রীর শেখ হাসিনা মহাত্মা গান্ধীর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে আশা প্রকাশ করেছেন যে, ভারতের স্বাধীনতা ও নাগরিক অধিকার আন্দোলনের এ মহান নেতার মানবিক আর্দশ ও মূল্যবোধ সব ধরনের বিভেদ ও অনৈক্যের ওপর বিজয়ী হয়ে একটি ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা করবে। প্রধানমন্ত্রী বলেন, আমরা এমন এক বিশ্বে বাস করছি যেখানে অতীতের যে কোনো সময়ের চেয়ে এখন হিংসা বিদ্বেষ ও ধর্মান্ধতা সমাজকে সন্ত্রাসবাদ এবং সহিংস চরমপন্থার দিকে ঠেলে দিচ্ছে। গান্ধীজির জীবনাদর্শন ও সব শ্রেণির মানুষের প্রতি দৃঢ় সমর্থন বিদ্যমান ক্ষুধা, দারিদ্র্য ও জলবায়ুর প্রভাবের মতো দুরূহ চ্যালেঞ্জগুলোর অর্থবহ ও কার্যকর মোকাবিলায় আমাদের ঐক্যবদ্ধ করতে পারে। নিউইয়র্কে ভারতের স্থায়ী মিশনে গত ২৪ সেপ্টেম্বর মঙ্গলবার মহাত্মা গান্ধীর ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষে এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লী সেইন লুং, দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট লুন-জে ইন, নিউজি ল্যাণ্ডের প্রধানমন্ত্রী জেসিন্ডা আরদারনসহ ৭ জন প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী বক্তৃতা করেন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

৯।	**ভ্যাকসিন হিরো পুরস্কার পাওয়ায় প্রধানমন্ত্রীকে যুক্তরাজ্যের অভিনন্দন**

**'**ভ্যাকসিন হিরো' পুরস্কার পাওয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছে যুক্তরাজ্য। গতকাল (২৫ সেপ্টেম্বর বুধবার) ঢাকার ব্রিটিশ হাইকমিশনের এক বার্তায় এ অভিনন্দন জানানো হয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩)।

১০।	**সিপিসিতে যোগ দিতে উগান্ডার কাম্পালায় স্পিকার**

৬৪তম কমনওয়েলথ পার্লামেন্টারি কনফারেন্সে (সিপিসি) অংশ নিতে গতকাল (২৫ সেপ্টেম্বর বুধবার) উগান্ডার রাজধানী কাম্পালায় পৌঁছেছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। কাম্পালা এনতেবে বিমানবন্দরে পৌঁছলে উগান্ডা পার্লামেন্টের ফরেন অ্যাফেয়ার্স কমিটির প্রেসিডেন্ট জ্যাক ওমাঙ্গা ওয়ামাল তাঁকে স্বাগত জানান। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

১১।	**সারাদেশে দুর্নীতিবাজ, মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান চলবে : সাভারে সেতুমন্ত্রী**

দেশে দুর্নীতিবাজদের বিরুদ্ধে চলমান অভিযানের বিষয়ে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, যাদের ধরা হচ্ছে তারা সত্যিকারের অপরাধী। এ অপরাধীরাই অভিযানের মূল টার্গেট। শুধু ঢাকাতেই এ অভিযান সীমাবদ্ধ নয়। সুনামগঞ্জ থেকে সুন্দরবন, কুতুবদিয়া থেকে তেঁতুলিয়া সারাদেশে যত দুর্নীতিবাজ, মাদক ব্যবসায়ী আছে, তাদের বিরুদ্ধে এ অভিযান চলবে। অপরাধী যত বড় আর যত ছোট হোক না কেন, কাউকে ছাড় দেওয়া হবে না। গতকাল (২৫ সেপ্টেম্বর বুধবার) ঢাকা-আরিচা মহাসড়কে নির্মিত আন্ডারপাসের উদ্বোধনকালে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

১২। **প্রধানমন্ত্রীর নির্দেশে রাষ্ট্র, সমাজ ও দলকে শুদ্ধ করতে সাঁড়াশি অভিযান : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ বলেছেন,আমরা পরপর তিনবার রাষ্ট্র ক্ষমতায় আছি তাই অনেকে দলে অনুপ্রবেশ করেছে। অনেকের নৈতিক স্খলন ঘটেছে। এ কারণে প্রধানমন্ত্রীর নির্দেশে রাষ্ট্র, সমাজ ও দলকে শুদ্ধ করতে সাঁড়াশি অভিযান চলছে। দলমত নির্বিশেষে সবাই এ অভিযানকে স্বাগত জানিয়েছে। গতকাল (২৫ সেপ্টেম্বর বুধবার) জাতীয় প্রেসক্লাবে এক আলোচনাসভায় মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩)।

১৩। **ডিসেম্বরের মধ্যেই ই-পাসপোর্ট চালু : অর্থমন্ত্রী**

চলতি বছরের ডিসেম্বরের মধ্যেই ই-পাসপোর্ট চালু হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। গতকাল (২৫ সেপ্টেম্বর বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ সভাকক্ষে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক শেষে তিনি সাংবাদিকদের একথা বলেন। তিনি বলেন, ই-পাসপোর্ট জুলাইয়ে চালু করা যায়নি। জার্মানির একটি কোম্পানিকে দায়িত্ব দেওয়া হয়েছে। তারা কাজ অনেকদূর এগিয়ে নিয়ে গেছে। স্বরাষ্ট্রমন্ত্রী এ সভাকে নিশ্চিত করেছেন এটি ডিসেম্বরের পরে যাবে না। ডিসেম্বরের মধ্যেই প্রধানমন্ত্রী এটি উদ্বোধন করতে পারবেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **অবজারভার** (শেষ পৃ,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

১৪। **চরাঞ্চলে বাদাম ও সয়াবিনের আবাদ বৃদ্ধি করতে হবে : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক বলেছেন, তৈলবীজ আবাদ বৃদ্ধির জন্য চরাঞ্চলে বাদাম ও সয়াবিনের আবাদ বৃদ্ধি করতে হবে। বাদাম থেকে ৪০-৪৫ শতাংশ তেল পাওয়া যায়। সয়াবিন আমাদের দেশে পোল্ট্রি শিল্পে ব্যাপক চাহিদা রয়েছে। এর উৎপাদন বৃদ্ধি করলে আমদানি হ্রাস পাবে। গতকাল (২৫ সেপ্টেম্বর বুধবার) মন্ত্রণালয়ের সভাকক্ষে কৃষিমন্ত্রী মাসিক (সেপ্টেম্বর) এডিপি সভায় এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৫)।

১৫। **মোংলা বিশ্বের অন্যতম বন্দরে পরিণত হবে : নৌপ্রতিমন্ত্রী**

উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে পুরোপুরি সক্ষমতা নিয়ে অচিরেই মোংলা বিশ্বের অন্যতম বন্দরে পরিণত হবে। সে লক্ষ্যে সরকার ও বন্দর কতৃপক্ষ প্রয়োজনীয় সব কার্যক্রম বাস্তবায়ন করছে। আর এ বন্দর নিয়ে সরকারের বর্তমান পরিকল্পনায় প্রতিবেশি রাষ্ট্রও ইতিবাচক মনোভাব নিয়ে এগিয়ে আসছে। গতকাল (২৫ সেপ্টেম্বর বুধবার) মোংলা বন্দর কর্তৃপক্ষের সম্মেলনকক্ষে উপদেষ্টা কমিটির সভায় এ মন্তব্য করেন নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালেদ মাহমুদ চৌধুরী। সূত্র : **সংবাদ** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

১৬। **এজলাসে বঙ্গবন্ধুর প্রতিকৃতি টাঙাতে আইন মন্ত্রণালয়ের নোটিশ জারি**

হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী অধস্তন আদালতের সকল এজলাস/কোর্টরুমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি টাঙানো ও সংরক্ষণ শুরু হয়েছে। ইতোমধ্যে দেশের বিভিন্ন জেলা ও দায়রা জজ, মহানগর দায়রা জজ, চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ও চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে বঙ্গবন্ধুর প্রতিকৃতি টাঙানো হয়েছে। হাইকোর্টের এ সংক্রান্ত আদেশের সত্যায়িত অনুলিপি পাওয়ার পরই আইন মন্ত্রণালয় গতকাল (২৫ সেপ্টেম্বর বুধবার) এ সংক্রান্ত নোটিশ জারি করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **নিউ নেশন** (শেষ পৃ,ক.১)।

১৭। **দুর্গাপূজা উপলক্ষে ভারতে সীমিত আকারে ইলিশ রপ্তানি**

দুর্গাপূজা সামনে রেখে ভারতে সীমিত আকারে ইলিশ রফতানির অনুমোদন দিয়েছে সরকার। ৫০০ টন ইলিশ রফতানি করা যাবে। গতকাল (২৫ সেপ্টেম্বর বুধবার) বাণিজ্য মন্ত্রণালয় এ অনুমোদন দিয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.৩)।

১৮। **প্রাথমিক বিদ্যালয়ে দুর্গাপূজার ছুটি তিন দিনের পরিবর্তে পাঁচ দিন**

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দুর্গাপূজার ছুটি তিন দিনের পরিবর্তে দুদিন আরও বাড়িয়ে মোট পাঁচ দিন করা হয়েছে। এ বছর থেকে এটি কার্যকর হবে বলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে জানানো হয়েছে। মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিদ্যালয়) বদরুল হাসান বাবুল সংবাদ মাধ্যমকে বলেন, চলতি বছর থেকে দুর্গাপূজার ছুটি তিন দিনের পরিবর্তে দুদিন বাড়িয়ে পাঁচ দিন অনুমোদন করা হয়েছে। আগামী ৫ থেকে ৯ অক্টোবর পর্যন্ত দুর্গাপূজার ছুটি থাকবে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১),**সংবাদ** (পৃ.২,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

১৯। **বাংলাদেশের প্রবৃদ্ধি ৮ শতাংশেই থাকবে : এডিবির পূর্বাভাস**

চলতি ২০১৯-২০ অর্থবছর শেষে বাংলাদেশের মোট দেশজ উৎপাদন (জিডিপি) প্রবৃদ্ধি ৮ শতাংশেই থাকবে বলে পূর্বাভাস দিয়েছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। তবে ২০২৪ সালের মধ্যে বাংলাদেশের প্রবৃদ্ধি ডাবল ডিজিটে নিয়ে যাওয়া সম্ভব বলে জানিয়েছে ম্যানিলাভিত্তিক এ ঋণদাতা সংস্থা। এশিয়ার অর্থনীতি নিয়ে গতকাল (২৫ সেপ্টেম্বর বুধবার) প্রকাশিত ‘এশিয়ান ডেভেলপমেন্ট আউটলুক ২০১৯ আপডেট’ শীর্ষক প্রতিবেদনে এ পূর্বাভাস দেয়া হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

ক. **যায়যায়দিন, বণিক বার্তা :** জাতিসংঘ সদরদপ্তরে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মর্যাদাপূর্ণ 'ভ্যাকসিন হিরো' পুরস্কারে ভূষিত করায় অভিনন্দন জানিয়ে অর্জিত এ পুরস্কার আগামী দিনেও জনগণের স্বাস্থ্য ও পুষ্টি নিশ্চিত করার কর্মসূচিকে আরও এগিয়ে নিয়ে যাবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **যুগান্তর :** অসাধু ব্যবসায়ীদের তৎপরতায় ও তাদের সিন্ডিকেটবাজির কারণে বাজারে পেঁয়াজসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম ক্রমাগত বাড়ছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **সংবাদ :** বাংলাদেশে সড়ক দুর্ঘটনারোধ ও সড়ক নিরাপত্তায় সরকারের সঙ্গে যৌথভাবে কাজ করার আগ্রহ প্রকাশ করেছে জাতিসংঘ ও বিশ্বব্যাংক উল্লেখ করে এ সহযোগিতা সড়ক দুর্ঘটনা হ্রাসে সহায়ক হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **জনকণ্ঠ :** ঢাকা ও চট্টগ্রামের নির্বাচন কমিশনে গড়ে ওঠা একাধিক দুষ্টচক্রের মাধ্যমে বেশ কিছু রোহিঙ্গা ইতোমধ্যেই বাগিয়ে নিয়েছে কয়েকশ' স্মার্টকার্ড, যা রাষ্ট্রের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ উল্লেখ করে এ ব্যাপারে কঠোর নজরদারির পরামর্শ।

ঙ. **সমকাল :** আট মাসে ধর্ষণের শিকার ৬৯৭ শিশু ও নিহত ২৮৫, এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে আইনের যথাযথ প্রয়োগের পাশাপাশি সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানীর সড়কগুলোতে শৃঙ্খলা ফেরাতে অবৈধ ও ফিটনেসবিহীন যানবাহন চলাচল নিষিদ্ধ করার দাবি।

ছ. **নিউ এজ :** গণপরিবহণে নারী যাত্রীদের যৌন হয়রানি বন্ধে কঠোর পদক্ষেপ কামনা।

## উপসম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মশক নিধনের ব্যবস্থা যথাযথভাবে করলে ছাদ বাগান মশার ঘাঁটি নয়, বরং হয়ে উঠবে বিশুদ্ধ অক্সিজেনের ভাণ্ডার এবং পরিবেশ সহায়ক।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'পলিথিনের বিকল্প ভাবনা'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, আমাদের অভ্যাসের পরিবর্তন আর একটু সচেতনতাই পারে পরিবেশের জন্য ক্ষতিকর পলিথিনের ব্যবহারকে অনেকখানি নিয়ন্ত্রণ করতে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা